# West Bengal Joint Entrance Examinations Board

**AQ-13/1, Salt Lake, Kolkata – 700 091**

Website: www.wbjeeb.nic.in, www.wbjeeb.in

এই বিজ্ঞপ্তিটি প্রার্থীদের সুবিধার্থে আগাম দেওয়া হল যে, সংশ্লিষ্ট/ যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে চুডান্ত সীট ম্যাট্রিক্স পাওয়ার পরই কাউন্সেলিং-এর পূর্ণাঙ্গ সময়সূচি প্রকাশ করা হবে।

প্রার্থীদের সুবিধার্থে মূল ইংরাজী বিজ্ঞপ্তিটির যথাসম্ভব বাংলা ভাষান্তর নীচে দেওয়া হ'ল। অবশ্য ইংরাজী ও বাংলা ভাষান্তরের মধ্যে যদি কোথাও কোনো ভাব বা অর্থের অসংগতি পাওয়া যায় তবে ইংরাজী ভাষান্তরটিকেই মূখ্য হিসাবে গণ্য করা হবে।

## বিজ্ঞপ্তি

## কেন্দ্রীয় নিয়ন্ত্রণাধীন ই-কাউন্সেলিং, WBJEE-2022

ইংরাজী ২০১৪ সালে পশ্চিমবঙ্গ সরকার **West Bengal Act XIV of 2014** প্রণয়ন ক'রে ওয়েষ্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্জামিনেশন্স্ বোর্ড (এক্ষণে 'বোর্ড' নামে উল্লেখিত) গঠন করেন এবং এই বোর্ডকে পশ্চিমবঙ্গে প্রফেশনাল, ভোকেশনাল আন্ডার গ্র্যাজুয়েট, পোষ্ট গ্র্যাজুয়েট ডিগ্রী কোর্সে এবং জেনারল ডিগ্রী কোর্সে ভর্তির জন্য কমন এন্ট্রান্স টেষ্ট নিতে ও সিঙ্গল উইনডো পদ্ধতিতে অনলাইন কাউন্সেলিং-এর ব্যবস্থা করার ক্ষমতা ও দায়িত্ব প্রদান করেন।

সেক্ষেত্রে

ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি এবং আর্কিটেকচার -এ আন্ডার গ্র্যাজুয়েট কোর্সে বিভিন্ন কলেজ/ প্রতিষ্ঠানে ভর্তির জন্য ওয়েষ্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (WBJEE) বোর্ড পরিচালিত অথবা ন্যাশানাল লেভেল কমন এন্ট্রান্স টেষ্ট এক্সামিনেশন (JEE-Main)-এ অংশ গ্রহণ করা ও র‍্যাঙ্ক পাওয়া অত্যাবশ্যক।

সেক্ষেত্রে

২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য, বোর্ড ইতিমধ্যে কমন এন্ট্রান্স টেষ্ট WBJEE-2022 -এর আয়োজন করেছে এবং অতঃপর কেন্দ্রীভূত ই-কাউন্সেলিং-এর ব্যাবস্থা করতে চলেছে।

২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ই-কাউন্সেলিং-এর নিয়মাবলী নিম্নে দেওয়া হ'ল। আবেদনকারীদের এই বিজ্ঞপ্তি ও এই সংক্রান্ত সমস্ত নোটিশ সতর্কতার সঙ্গে পড়ে ও বুঝে নিতে হবে। কোনো প্রার্থী আবেদন করলে ধরে নেওয়া হবে যে, আবেদনকারী প্রার্থী এই বিজ্ঞপ্তি, এ বিষয়ে বিভিন্ন সময়ে প্রকাশিত সংযোজন, সংশোধন, নোটিশ, সময় সারণিতে দেওয়া সমস্ত তথ্য ও নিয়মাবলী মেনে চলতে আগ্রহী ও বাধ্য। কোন প্রার্থী যদি প্রাসঙ্গিক নিয়ম বুঝতে ভুল করে সেক্ষেত্রে বোর্ড কোন ভাবেই দায়ী থাকবে না।

কাউন্সেলিং **প্রক্রিয়া দুটি (২) পৃথক পর্যায়ে অনুষ্ঠিত হবে**, যথা:

1. **পর্যায়-১:** WBJEE-2022 র‍্যাঙ্ক প্রাপ্ত প্রার্থীদের ইঞ্জিনিয়ারিং/ টেকনোলজি/ ফার্মাসি কোর্সে ভর্তি প্রক্রিয়া।
2. **পর্যায়-২:** WBJEE-2022 র‍্যাঙ্ক প্রাপ্ত প্রার্থীদের আর্কিটেকচার কোর্সে ভর্তি এবং JEE(M) র‍্যাঙ্ক প্রাপ্ত প্রার্থীদের JEE(M) দ্বারা সংরক্ষিত সীটে বিভিন্ন কোর্সে ভর্তির প্রক্রিয়া।

নিম্নলিখিত নিয়ম এবং নির্দেশিকাগুলি পর্যায়-১ কাউন্সেলিং প্রক্রিয়ার জন্য। পর্যায়-২ কাউন্সেলিং এর জন্য আলাদা ভাবে বিজ্ঞপ্তি প্রকাশিত হবে।

| | **নিয়মাবলী** |
|---|---|
| 1.0 | a) কাউন্সেলিং-এর সমস্ত অধ্যায় (রেজিস্ট্রেশন, চয়েস দেওয়া, এ্যালটমেন্ট, সীট এ্যাক্সেপ্ট্যান্স ফী দেওয়া, প্রভিশনাল এ্যাডমিশন) কেন্দ্রীয় অনলাইন পদ্ধতিতে হবে।<br>b) বোর্ড-এর ওয়েবসাইটে দেওয়া সীট ম্যাট্রিক্স অনুযায়ী কলেজ/ কোর্স-এ ভর্তির জন্য কাউন্সেলিং করা হবে। সীট ম্যাট্রিক্স যথাপযুক্ত কর্তৃপক্ষের (DTE, Govt. of WB) কাছ থেকে পাওয়া।<br>c) ভর্তির জন্য প্রয়োজনীয় যোগ্যতা মানসম্পন্ন এবং WBJEE-2022 পরীক্ষায় র‍্যাঙ্ক (GMR/PMR) প্রাপ্ত প্রার্থীরা এই কাউন্সেলিং-এ অংশ গ্রহণ করতে পারবে।<br>d) তিন রাউন্ড কাউন্সেলিং হবে, যথা: এ্যালটমেন্ট, আপগ্রেডেশন ও মপ-আপ।<br>e) একমাত্র **১'ম** রাউন্ডের শুরুতে একবারই রেজিস্ট্রেশন করা যাবে। কাউন্সেলিং ও ভর্তির জন্য রেজিস্ট্রেশন অত্যাবশ্যক। **যারা পূর্বঘোষিত সময়ের মধ্যে রেজিস্ট্রেশন করবে না, তাদের কোনো অবস্থাতেই কোন রাউন্ডেই সীট এ্যালটমেন্ট করা হবে না।**<br>f) কাউন্সেলিং ফী মাত্র **৫০০ (পাঁচ শত)** টাকা, যা কোন অবস্থাতেই ফেরৎ যোগ্য নয়।<br>g) কাউন্সেলিং-এর কোনো রাউন্ডেই রিজার্ভ ক্যাটাগরীর (যেমন SC, ST, OBC-A, OBC-B, PwD) কোনো খালি সীট জেনারেল/ অসংরক্ষিত ক্যাটাগরীতে পরিবর্তন করা হবে না।<br>h) AICTE-র নির্দেশিকা অনুযায়ী, TFW ক্যাটাগরীর খালি সীট জেনারেল অথবা অসংরক্ষিত ক্যাটাগরীতে পরিবর্তিত হবে না। |
| 2.0 | **রেজিস্ট্রেশন:**<br>a) আবেদনকারীকে বিভিন্ন তথ্য যেমন: ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত তথ্য, ব্যাঙ্ক এ্যাকাউন্টের তথ্য (যদি কখনও টাকা ফেরৎ দিতে হয় তার জন্য) পূরণ করতে হবে।<br>b) আবেদনকারীকে তার পরীক্ষার অ্যাপ্লিকেশন নম্বর অথবা রোল নম্বর এবং WBJEE-2022 -এর র‍্যাঙ্ক দিতে হবে এবং তার শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত নীচের তথ্যগুলি দিতে হবে।<br>i. দশম শ্রেণীতে পাশ/ফেলের অবস্থা, ইংরাজীতে মোট নম্বর ও প্রাপ্ত নম্বর।<br>ii. দ্বাদশ শ্রেণীতে পাশ/ফেলের অবস্থা, মোট নম্বর ও মোট প্রাপ্ত নম্বর।<br>iii. দ্বাদশ শ্রেণীতে পাশ/ফেলের অবস্থা, এবং পদার্থবিদ্যা, রসায়ন, অঙ্ক, জীববিজ্ঞান, জৈবপ্রযুক্তি, কম্পিউটার সায়েন্স অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইংরাজীর মোট নম্বর ও প্রাপ্ত নম্বর। যদি কোন বিষয় কোন প্রার্থীর জন্য প্রযোজ্য না হয়, তবে সে "NA" সিলেক্ট করতে পারে।<br>c) আবেদনকারীরকে সব তথ্য অতি সতর্কতার সাথে দিতে হবে। প্রদত্ত তথ্য সংশোধনের কোন **উপায় নেই**। একমাত্র আবেদনকারীই ফাইনাল সাবমিট করার আগে পর্যন্ত যা কিছু সংশোধন করার করতে পারে। রেজিস্ট্রেশন পর্ব শেষ হয়ে যাওয়ার পরে কোনোরকম সংশোধন সম্ভব নয়। প্রার্থীর ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থী যদি পছন্দের কলেজ/কোর্স না পায় অথবা কোন এ্যালটমেন্টই না পায়, **তবে তার জন্য বোর্ড আইনত কোন ভাবেই দায়ী থাকবে না।** |
| 3.0 | **চয়েস দেওয়া:**<br>a) রেজিস্ট্রেশন চলাকালিন সময় শিক্ষাগত তথ্য এবং রেজিস্ট্রেশন ফী দেওয়ার পরে, প্রার্থী তার যোগ্যতার মান অনুযায়ী যেসব কলেজ/কোর্সে সে ভর্তির সুযোগ আছে তাদের তালিকা দেখতে পাবে।<br>b) TFW সীটগুলি প্রত্যেক কলেজ এবং প্রত্যেক বিভাগের জন্য আলাদা চয়েস হিসাবে দেখাবে, |

| | |
|---|---|
| | "যেখানে প্রযোজ্য"। উদাহরণস্বরুপ: যদি কোন প্রার্থী কোন কলেজের কোন বিভাগে TFW অথবা নন- TFW সীট গ্রহণ করতে প্রস্তুত থাকে তাহলে তাকে উভয়ই সিলেক্ট করতে হবে। যদি কোন প্রার্থী কেবলমাত্র নন- TFW সীট সিলেক্ট করে, তাহলে উপলব্ধ থাকলেও সে TFW সীটে এ্যালোটেড হবে না। একইভাবে, কোন প্রার্থী যদি কেবলমাত্র TFW সীট সিলেক্ট করে, তাহলে সে নন- TFW সীটে এ্যালোটেড হবে না এমন কি উপলব্ধ থাকলেও।<br>c) চয়েসের তালিকা থেকে কলেজ/ কোর্স পছন্দ করে নিয়ে সেগুলিকে প্রার্থীর **পছন্দের ক্রম অনুসারে** সাজাতে হবে।<br>d) প্রার্থী যদি কোনো চয়েস না দেয় তবে স্বাভাবিক ভাবেই তাকে কোন এ্যালটমেন্ট দেওয়া হবে না।<br>e) **আবেদনকারীকে অবশ্যই অতি সাবধানতার সাথে কলেজ/ কোর্স পছন্দ করতে হবে। আবেদনকারীদের পরামর্শ দেওয়া হয়, তারা যেন সর্বাধিক সংখ্যক পছন্দ দেয়। এতে করে আবেদনকারীর কোনো না কোনো কলেজ/কোর্স পাওয়ার সম্ভাবনা বেশী থাকে। সেই প্রাপ্য সীট, গ্রহন করার পর প্রার্থী সর্বদাই আপগ্রেডেশনের সুযোগ নিতে পারে।** |
| 4.0 | **চয়েস লক্ করা:**<br>a) প্রার্থীদের নির্দিষ্ট দিনের মধ্যে অবশ্যই চয়েস লক্ করতে হবে। প্রার্থীরা লক্ করা চয়েসের প্রিন্টআউটও নিতে পারে।<br>b) যদি কোন আবেদনকারী চয়েস লক্ না করে বা করতে ভুলে যায় তবে পূর্ব ঘোষিত সময়ের পরে **তার সর্বশেষ সেভ করা চয়েস চুড়ান্ত বলে ধরে নেওয়া হবে ও আপনা থেকেই লক্ হয়ে যাবে।** |
| 5.0 | **রাউন্ড- ১: এ্যালটমেন্ট:**<br>a) নির্ধারিত দিনে ১'ম রাউন্ডের ফল প্রকাশিত হবে।<br>b) আবেদনকারীর দেওয়া তথ্যের ভিত্তিতেই এ্যালটমেন্ট দেওয়া হবে। **যদি পরবর্তী কালে** সংশ্লিষ্ট **কর্তৃপক্ষ দ্বারা দেখা যায় যে আবেদনকারীর দেওয়া তথ্য ভুল এবং সেই জন্য এ্যালটমেন্ট পাওয়ার যোগ্য নয়, তাহলে তার এ্যালটমেন্ট/ভর্তি বাতিল বলে গণ্য হবে।**<br>c) প্রার্থীরা ওয়েবসাইটে লগ্ ইন করে এ্যালটমেন্ট দেখতে পাবে। সেখানে তার কোন কলেজ/ কোন কোর্সে এ্যালটমেন্ট হয়েছে সব তথ্য দেওয়া থাকবে।<br>d) প্রার্থীকে **মাত্র ৫০০০ (পাঁচ হাজার) টাকা** সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দিয়ে এ্যালটমেন্ট লেটার অনলাইন থেকে ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। এই পর্যায়ে সীট এ্যাকসেপ্ট্যান্স ফী **৫০০০ (পাঁচ হাজার) টাকা** না দিলে, এ্যালটমেন্ট বাতিল হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃস্কৃত** হবে। অর্থাৎ, পরবর্তী কোন রাউন্ডেই কোন এ্যালটমেন্ট তাকে দেওয়া হবে না।<br>e) প্রার্থীকে এ্যালটমেন্ট লেটারটির ডাউনলোড-এর প্রিন্টকপি এবং অন্যান্য সমস্ত নথিপত্র নিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে নথি যাচাইয়ের জন্য এ্যালট করা কলেজে/ ইনস্টিটিউটে সশরীরে উপস্থিত হতে হবে। যদি প্রার্থী নথি যাচাইয়ের জন্য সশরীরে কলেজে/ ইনস্টিটিউটে উপস্থিত না হয়, তবে তার এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃস্কৃত** হবে। |
| 5.1 | **নথি-যাচাই:**<br>a) প্রার্থীর দেওয়া তথ্যের ভিত্তিতে এ্যালটমেন্ট দেওয়া হয়। এ্যালট করা কলেজ/ ইনস্টিটিউট দায়িত্বসহকারে প্রার্থীর নথি যাচাই করে ভুল প্রমানিত হলে অথবা ভুল ভর্তির জন্য বোর্ড কোনরুপ দায়ী থাকবে না।<br>b) প্রার্থীকে যে কলেজে/ ইনস্টিটিউটে তার এ্যালটমেন্ট হয়েছে সেই কলেজে/ ইনস্টিটিউটে নির্ধারিত সময়ের মধ্যে এ্যালটমেন্ট লেটারের প্রিন্টআউট এবং অন্যান্য সমস্ত অরিজিনাল নথিপত্র ও একটি করে সেলফ্ এ্যাটেস্টেড কপি নিয়ে যাচাইয়ের জন্য ব্যাক্তিগত ভাবে পৌছাতে |

হবে।

c) সমস্ত নথি যাচাইয়ের তারিখে অবশ্যই বৈধ হতে হবে।

d) প্রার্থীর উচিত আগে থেকেই ঐ কলেজে/ ইনস্টিটিউটে যোগাযোগ করে অথবা তাদের ওয়েবসাইট দেখে নথি যাচাই ও ভর্তির জন্য কী কী প্রয়োজন তা জেনে নেওয়া।

e) **নথি যাচাইয়ের সময় প্রার্থীকে অবশ্যই কোভিড সংক্রান্ত নিয়মাবলী মেনে চলতে হবে।**

f) প্রার্থীকে নীচের সারণীতে দেওয়া সমস্ত নথির অরিজিনাল ও একটি করে সেলফ্-এ্যাটেসটেড কপি নিয়ে যেতে হবে।

| | | |
|---|---|---|
| 1. | সকল প্রার্থী | জন্ম তারিখ যাচাইয়ের জন্য দশম শ্রেণীর এ্যাডমিট কার্ড/ জন্ম শংশাপত্র |
| 2. | সকল প্রার্থী | দশম শ্রেণীর মার্কশীট |
| 3. | সকল প্রার্থী | দ্বাদশ শ্রেণীর মার্কশীট |
| 4. | OCI প্রার্থী | OCI শংশাপত্র |
| 5. | পশ্চিমবঙ্গের বাসিন্দা প্রার্থী | ইনফরমেশন বুলেটিনের অনুচ্ছেদ ৩.৪.১ ও ৩.৪.২ অনুযায়ী আবাসিক শংশাপত্র |
| 6. | SC/ST/OBC-A/OBC-B প্রার্থী | ইনফরমেশন বুলেটিনের অনুচ্ছেদ ৫.২ ও ৫.৩ অনুযায়ী আবাসিক শংশাপত্র<br><br>প্রার্থীর সংশ্লিষ্ঠ ব্যক্তির সাক্ষর দ্বারা পুনঃবৈধ করা OBC শংশাপত্র থাকতে হবে, যাতে পরিস্কার ভাবে OBC-A অথবা OBC-B ক্যাটাগরী উল্লেখ থাকবে। OBC-A অথবা OBC-B শংসাপত্রটি অবশ্যই NCL শংসাপত্র হতে হবে এবং সেটি **31.03.2022** -এর পরবর্তী কালের স্বাক্ষরিত হতে হবে। |
| 7. | PwD প্রার্থী | ইনফরমেশন বুলেটিনের অনুচ্ছেদ ৫.৪ অনুযায়ী PwD শংশাপত্র |
| 8. | TFW প্রার্থী | ইনফরমেশন বুলেটিনের অনুচ্ছেদ ৬.২ অনুযায়ী শংশাপত্র |

নথি যাচাই-এর নিম্নলিখিত বিভিন্ন ফল হতে পারে:

i. প্রার্থীর ভুল শিক্ষাগত মান/প্রাপ্ত নম্বর, ভুল/অগ্রাহ্য ক্যাটেগরী সার্টিফিকেট ইত্যাদির জন্য বর্তমান এ্যালটমেন্ট বাতিল হতে পারে। সেক্ষেত্রে তাকে পরবর্তী রাউন্ডে সংশোধিত শিক্ষাগত মান ও ক্যাটেগরী অনুযায়ী গণ্য করা হবে।

ii. নথি যাচাই যদি সফল ও সম্পূর্ণ হয় তবে প্রার্থীকে (ইয়েস/নো)-আপগ্রেডেশন চয়েস দিতে হবে।

1. প্রার্থী যদি তার **প্রথম** পছন্দের সীটে এ্যালটমেন্ট পেয়ে থাকে, তবে তার ঐ সীট গ্রহণ করা ছাড়া আর কোনো বিকল্প নেই। সেই প্রার্থীকে নো-আপগ্রেডেশন চয়েস দিতে হবে ও সংশ্লিষ্ট কলেজের সমস্ত ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করে ফিজিকাল রির্পোটিং- এর রিসিপ্টটি অবশ্যই সংগ্রহ করতে হবে। এই প্রার্থী অবশ্য যদি চায়, মপ-আপ রাউন্ডে (যদি হয়) অংশ গ্রহন করতে পারবে। অন্যদিকে এই প্রার্থী যদি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ না করে তবে এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ

| | |
|---|---|
| | কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃষ্কৃত** হবে।<br>2. প্রার্থী যদি ২ 'য় বা আরও পিছনের পছন্দের সীটে এ্যালটমেন্ট পেয়ে থাকে তাহলে, সে চাইলে নো-আপগ্রেডেশন চয়েস দিতে পারে ও ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতে পারে। এই প্রার্থীরাও মপ-আপ রাউন্ডে (যদি হয়) অংশগ্রহন করতে পারবে। অবশ্য প্রার্থী যদি নো-আপগ্রেডেশন পছন্দ দেওয়ার পরেও ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ না করে তবে এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে বহিঃষ্কৃত হবে।<br>3. প্রার্থী যদি **২ 'য় বা আরও পিছনের** পছন্দের সীটে এ্যালটমেন্ট পেয়ে থাকে তাহলে, নথি যাচাইয়ের পরে সে চাইলে ইয়েস-আপগ্রেডেশন চয়েসও দিতে পারে এবং **১ 'ম** রাউন্ডে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন না ও করতে পারে। এ ধরনের প্রার্থীদের দ্বিতীয় 'য় রাউন্ডে সম্ভাব্য আপগ্রেডেশনের সুযোগ দেওয়া হবে।<br>4. নথি যাচাইয়ের পরে, প্রার্থী যদি ইয়েস-আপগ্রেডেশন অথবা নো-আপগ্রেডেশন চয়েস না দেয়, তাহলে ধরে নেওয়া হবে প্রার্থী ভর্তি প্রক্রিয়ায় ইচ্ছুক নয় এবং এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃষ্কৃত** হবে। |
| 6.0 | **রাউন্ড-২: আপগ্রেডেশন**<br>a) ১ 'ম রাউন্ডের শুরুতেই যারা রেজিষ্ট্রেশন সম্পূর্ণ করেছে তাদের মধ্য থেকে নীচের প্রার্থীরা আপগ্রেডেশন রাউন্ডের সুযোগ পাবে।<br>1. যারা ১ 'ম রাউন্ডে কোনো এ্যালটমেন্ট পায়নি।<br>2. যারা ১ 'ম রাউন্ডে এ্যালটমেন্ট পেয়েছে, সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দিয়েছে, নথি যাচাই পর্ব সম্পূর্ণ করেছে ও ইয়েস-আপগ্রেডেশন পছন্দ দিয়েছে।<br>3. যারা ১ 'ম রাউন্ডে এ্যালটমেন্ট পেয়েছে, সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দিয়েছে, নথি যাচাই পর্ব সম্পূর্ণ করেছে কিন্তু সার্টিফিকেট সংক্রান্ত কারনে ১ 'ম রাউন্ডের এ্যালটমেন্ট বাতিল হয়েছে।<br>b) নির্ধারিত দিনে ২ 'য় রাউন্ডের ফল প্রকাশ হবে। যেহেতু এই ২ 'য় রাউন্ডই শেষ সাধারন রাউন্ড তাই আপগ্রেডেশনের কোনো সুযোগ থাকবে না।<br>c) এটা জেনে রাখা জরুরী যে যদি সীট আপগ্রেড হয় তবে ১ 'ম রাউন্ডের সীট **বাতিল** হয়ে যাবে এবং সেই সীট অন্য কোনো যোগ্য প্রার্থীকে দেওয়া হবে। সুতরাং আপগ্রেডেশন সীটকে কোনোমতেই **প্রত্যাবর্তন** যায় না। প্রার্থী কোনো মতেই তার ১ 'ম রাউন্ডের সীট ফেরতের দাবী করতে পারবে না। অন্যথায় যদি সীট আপগ্রেড না হয় তবে ১ 'ম রাউন্ডের সীটটি সংরক্ষিত অথবা বহাল থাকবে।<br>d) ২'য় রাউন্ডের ফল কোনো প্রার্থীর ক্ষেত্রে নিম্নরূপ হতে পারে:<br>1. এ্যালটমেন্ট আপগ্রেড হয়ে প্রার্থী তার ১ 'ম পছন্দের সীট পায়: প্রার্থীকে আবার সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দিতে হবে না। প্রার্থীকে তার নতুন এ্যালটমেন্টের লেটার ডাউনলোড করে নতুন কলেজে গিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে। প্রার্থী অবশ্য মপ-আপ রাউন্ডে (যদি হয়) অংশ গ্রহন করতে পারবে। অন্যথায় প্রার্থী যদি তার নতুন এ্যালটমেন্টের কলেজে ভর্তি না হয় তবে এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃষ্কৃত** হবে।<br>2. আপগ্রেড হয়ে যদি ২ 'য় বা তারও পিছনের পছন্দের কোনো সীট পায়: এক্ষেত্রে নতুন এ্যালটমেন্টের কলেজে ভর্তি হতে পারে, যার জন্য নতুন এ্যালটমেন্টের লেটার ডাউনলোড করে নতুন কলেজে গিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে এবং ফিজিকাল রির্পোটিং |

রিসিপ্ট সংগ্রহ করতে হবে। অন্যথায়, নতুন এ্যালটমেন্টের কলেজে ভর্তি না ও হতে পারে। দুক্ষেত্রেই সে মপ-আপ রাউন্ডে অংশগ্রহন করতে পারবে।

3. যদি আদৌ সীট আপগ্রেড না হয়: এক্ষেত্রে প্রার্থী পুরাতন এ্যালটমেন্টের কলেজে ভর্তি হতে পারে বা না ও হতে পারে। দুক্ষেত্রেই সে মপ-আপ রাউন্ডে অংশগ্রহন করতে পারবে।

4. যাদের ১'ম রাউন্ডে নথি যাচাই-এর সময় এ্যালটমেন্ট বাতিল হয়েছিল:

   i. প্রার্থীকে এ্যালটমেন্ট লেটার এবং অন্যান্য সমস্ত নথিপত্র নিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে নথি যাচাইয়ের জন্য এ্যালট করা কলেজে সশরীরে উপস্তিত হতে হবে। অন্যথায় এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃস্কৃত** হবে।

   ii. এ্যালট করা কলেজ/ ইনস্টিটিউট দ্বারা নথি যাচাই-এর নিম্নলিখিত বিভিন্ন ফল হতে পারে:

      A. প্রার্থীর ভুল শিক্ষাগত মান/ প্রাপ্ত নম্বর, ভুল/ অগ্রাহ্য ক্যাটেগরী সার্টিফিকেট ইত্যাদির জন্য এ্যালটমেন্ট বাতিল হতে পারে। সেক্ষেত্রে সে মপ-আপ রাউন্ডে অংশগ্রহন করতে পারবে।

      B. নথি যাচাই যদি সফল ও সম্পূর্ণ হয় এবং প্রার্থী যদি তার **প্রথম পছন্দের** সীটে এ্যালটমেন্ট পেয়ে থাকে, তবে তাকে সংশ্লিষ্ট কলেজের সমস্ত ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে। এই প্রার্থী অবশ্য যদি চায়, মপ-আপ রাউন্ডে (যদি হয়) অংশ গ্রহন করতে পারবে। অন্যদিকে এই প্রার্থী যদি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ না করে তবে এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃস্কৃত** হবে।

      C. নথি যাচাই যদি সফল ও সম্পূর্ণ হয় এবং প্রার্থী যদি দ্বিতীয় বা আরও পিছনের পছন্দের সিটে এ্যালটমেন্ট পেয়ে থাকে তাহলে, সে ভর্তি প্রক্রিয়া **সম্পূর্ণ করতেও পারে বা নাও করতে পারে**। উভয় ক্ষেত্রেই সে মপ-আপ রাউন্ডে (যদি হয়) অংশগ্রহন করতে পারবে।

5. যদি প্রার্থী ১'ম রাউন্ডে কোনো এ্যালটমেন্ট না পেয়ে থাকে এবং ২'য় রাউন্ডেই প্রথমবার এ্যালটমেন্ট পায়:

   i. প্রথমে প্রার্থীকে অবশ্যই **সীট এ্যাকসেপ্ট্যান্স ফী মাত্র ৫০০০ (পাঁচ হাজার) টাকা** দিয়ে এ্যালটমেন্ট লেটার ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে। অন্যথায়, এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃস্কৃত** হবে।

   ii. সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দেওয়ার পর এবং এ্যালটমেন্ট লেটারটি ডাউনলোড করার পর প্রার্থীকে সমস্ত নথি পত্র সহ এ্যালট হওয়া কলেজে/ ইনস্টিটিউটে যেতে হবে। অন্যথায়, এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃস্কৃত** হবে।

   iii. অতঃপর নথি যাচাইয়ের ফল নিম্নমত হতে পারে।

      A. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার মান/প্রাপ্ত নম্বর, ভুল/অগ্রাহ্য ক্যাটাগরী সার্টিফিকেট ইত্যাদির জন্য এ্যালটমেন্ট বাতিল হতে পারে। সেক্ষেত্রে সে মপ-আপ রাউন্ডে অংশগ্রহন করতে পারবে।

      B. নথি যাচাই যদি সফল ও সম্পূর্ণ হয় এবং প্রার্থী যদি তার প্রথম পছন্দের সীটে এ্যালটমেন্ট পেয়ে থাকে, তবে তাকে সংশ্লিষ্ট কলেজের সমস্ত ভর্তি প্রক্রিয়া

| | |
|---|---|
| | সম্পূর্ণ করতে হবে। এই প্রার্থী অবশ্য যদি চায়, মপ-আপ রাউন্ডে (যদি হয়) অংশ গ্রহন করতে পারবে। অন্যদিকে এই প্রার্থী যদি ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ না করে তবে এ্যালটমেন্ট বাতিল করা হবে এবং প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃষ্কৃত** হবে।<br>C. নথি যাচাই যদি সফল ও সম্পূর্ণ হয় এবং প্রার্থী যদি দ্বিতীয় বা আরও পিছনের পছন্দের সীটে এ্যালটমেন্ট পেয়ে থাকে তাহলে, সে **ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতেও পারে নাও বা করতে পারে**। উভয় ক্ষেত্রেই সে মপ-আপ রাউন্ডে (যদি হয়) অংশগ্রহন করতে পারবে। |
| 7.0 | **মপ-আপ রাউন্ড:**<br>a) মপ-আপ রাউন্ডে অংশগ্রহণ করা সম্পূর্ণ ঐচ্ছিক, কোন বাধ্য বাধকতা নেই।<br>b) উপরি-উক্ত নানা কারণে যারা কাউন্সেলিং পর্ব থেকে বহিঃষ্কৃত হয়েছে এবং যারা 'উইথড্র' করেছ তারা ছাড়া অন্য সকল রেজিষ্ট্রীকৃত প্রার্থীরা মপ-আপ রাউন্ডে অংশ গ্রহণ করতে পারবে।<br>c) প্রার্থীদের মাত্র **২০০ (দুইশত)** টাকা ফী দিয়ে সতর্কতার সঙ্গে মপ-আপ রাউন্ডের জন্য রেজিষ্ট্রেশান করতে হবে। প্রার্থী একবার মপ-আপ রাউন্ডে রেজিষ্ট্রেশন করলে সেখান থেকে আর প্রত্যাবর্তন করা যায় না।<br>d) মপ-আপ রাউন্ডে প্রার্থীদের নতুন করে কলেজ/ কোর্সের পছন্দ দিতে হবে।<br>e) **মনে রাখতে হবে** যে, মপ-আপ রাউন্ডে যদি কোনো নতুন সীট এ্যালটমেন্ট হয় তবে পুরনো সব এ্যালটমেন্ট/ভর্তি বাতিল হয়ে যাবে এবং সেই খালি সীট অন্য যোগ্য প্রার্থীকে এ্যালট করা হবে। **প্রার্থী কখনোই তার পুরনো সীট ফেরৎ চাইতে পারবে না।** অন্যথায় প্রার্থী যদি ১'ম বা ২'য় রাউন্ডে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করে থাকে এবং কোনো নতুন সীট এ্যালটমেন্ট না হয় তবে পুরনো ভর্তি হওয়া সীট যথাযথ বহাল থাকবে। সেক্ষেত্রে মপ-আপ রাউন্ডে চয়েস দেওয়ার সময় ইতিমধ্যে ভর্তি হয়ে থাকা কলেজে/ কোর্স -এর চয়েস দেখতে পাবে না।<br>f) প্রার্থী যদি পূর্ববর্তী কোনো রাউন্ডে **৫০০০ টাকা** সীট এ্যাক্সপ্ট্যান্স ফী দিয়ে থাকে এবং মপ-আপ রাউন্ডে নতুন কোনো কলেজে এ্যালটমেন্ট পায় তবে ঐ সীট এ্যাক্সপ্ট্যান্স ফী নতুন কলেজের জন্য গণ্য করে নেওয়া হবে। কিন্তু প্রার্থী যদি পুরনো কলেজে ভর্তির জন্য বাকী কোনো পরিমাণ অর্থ দিয়ে থাকে তবে তা ফেরৎ পাওয়ার জন্য প্রার্থীকে সেই পুরনো কলেজেই যোগাযোগ করতে হবে। এ বিষয়ে বোর্ড আইনত কোনো দায়িত্ব নেবে না বা কোনো আবেদন নিবেদন গ্রহণ করবে না।<br>g) মপ-আপ রাউণ্ড **একবার মাত্র হবে** এবং এটাই হবে বোর্ড দ্বারা সংঘটিত শেষ এবং অন্তিম রাউণ্ড। **তারপর, বোর্ড তার হেফাজাতের সমস্ত খালি সীট উপযুক্ত কতৃপক্ষের কাছে যথাযথ ক্রিয়া সম্পন্ন করার জন্য হস্তান্তর করে দেবে।ড়** |
| 7.1 | **মপ-আপ রাউন্ডের পদ্ধতি:** মপ-আপ রাউন্ডের ফল নিম্নলিখিত বিভিন্নরূপ হতে পারে।<br>a) যারা ১'ম বা ২'য় রাউন্ডে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করেছে:<br>i. এরা যদি মপ-আপ রাউন্ডে কোনো নতুন এ্যালটমেন্ট **না পায়,** তবে পূর্ববর্তী কলেজেই বহাল থাকবে।<br>ii. আর যদি মপ-আপ রাউন্ডে নতুন এ্যালটমেন্ট **পায়,** তবে নতুন কলেজে গিয়ে অবশ্যই ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করবে।<br>b) যারা ২'য় রাউন্ডে ভর্তি হয়নি (যাদের নথি যাচাই-এর সময় এ্যালটমেন্ট বাতিল হয়েছিলো |

| | |
|---|---|
| | অথবা ২ 'য় বা আরও পিছনের পছন্দের সীটে এ্যালটমেন্ট পেয়েছে) কিন্তু মপ-আপ রাউন্ডের যোগ্য: সেক্ষেত্রে এরা যদি মপ-আপ রাউন্ডে কোনো এ্যালটমেন্ট পায় তবে সেই কলেজে গিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করবে।<br><br>c) যারা ১ 'ম বা ২ 'য় রাউন্ডে কোনো এ্যালটমেন্ট পায়নি এবং মপ-আপ রাউন্ডে প্রথমবার এ্যালটমেন্ট পেয়েছে: এই সব প্রার্থীদের প্রথমেই সীট এ্যাকসেপ্ট্যান্স ফী **(৫০০০ টাকা)** দিয়ে এ্যালটমেন্ট লেটারটি ডাউনলোড করতে হবে। অতঃপর সমস্ত নথিপত্র নিয়ে ঐ কলেজে নথি যাচাই এর জন্য যেতে হবে এবং নথি যাচাই সফল হলে ঐ কলেজে ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ করতে হবে। |
| 8.0 | **সাধারন নিয়মাবলী:**<br><br>a) প্রথমবার যখন এ্যালটমেন্ট পাবে (সে যে রাউন্ডেই হোক) তখন প্রার্থীকে প্রথমেই সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দিয়ে এ্যালটমেন্ট প্রতিলিপি ডাউনলোড করতে হবে ও সমস্ত নথিপত্র নিয়ে ঐ কলেজে নথি যাচাইএর জন্য যেতে হবে।<br><br>b) প্রার্থীরা যখন যেখানেই এ্যালটমেন্ট লেটার, লক্‌ট্ চয়েস, আপগ্রেডেশন লেটার, প্রভিশনাল এ্যাডমিশন লেটার, ফিজিকাল রিপোর্টিং রিসিপ্ট ইত্যাদি নথি দাখিল করবে, তাদের অবশ্যই **'প্রিন্ট' লিংক-এর** সাহায্যে প্রিন্ট নেওয়া সম্পূর্ণ অরিজিনাল নথি দাখিল করতে হবে। **স্ক্রীন শট বা স্ক্রীনের ফটো ইত্যাদি কোনোমতেই প্রামাণ্য নথি হিসাবে গ্রাহ্য হবে না।**<br><br>c) **হেল্প ডেস্ক:** যে কোনো সাহায্য, ব্যাখ্যা বা অনুযোগের জন্য প্রার্থীরা হেল্প ডেস্কে যোগাযোগ করতে পারে (১৮০০ ১০২৩ ৭৮১, ১৮০০ ৩৪৫০ ০৫০)<br><br>d) **স্বয়ংক্রিয় (automatic) পদ্ধতিতে সীট ক্যাটেগরী আপগ্রেডেশন:** ভর্তি হয়ে যাওয়া প্রার্থীদের একই কলেজে অধিকতর পছন্দের সীট খালি হ'লে সীটের ক্যাটেগরী পরবর্তী রাউন্ডে **স্বয়ংক্রিয়া পদ্ধতিতে** আপগ্রেডে হতে পারে।<br><br>e) **উইথড্র ও রিফান্ড.**<br>i. কাউন্সেলিং-এর সব রাউন্ডের শেষে প্রার্থীদের জমা করা **সীট এ্যাকসেপ্ট্যান্স ফী** প্রার্থীরা শেষ যে কলেজে/ ইনস্টিটিউটে ভর্তি হয়েছে সেই কলেজে/ ইনস্টিটিউটে পাঠিয়ে দেওয়া হবে। **সেই সীট এ্যাকসেপ্ট্যান্স ফী ভর্তির সময় টিউশন ফী ইত্যাদি বিষয়ে এ্যাডজাস্ট করবে** সংশ্লিষ্ট ইনস্টিটিউট। কোনো প্রার্থী যদি ঐ কলেজে ক্লাসে যোগ না দেয় তাহলে তার ভর্তি প্রক্রিয়া বাতিল এবং ঐ অর্থ ফেরৎ নেওয়ার জন্য আবেদন করতে পারে, সেক্ষেত্রে ভর্তি প্রক্রিয়ার বিশষাধিকার সম্পূর্নরুপে প্রার্থী এবং ঐ কলেজ/ ইনস্টিটিউটে মধ্যেকার বিষয় হবে। এ বিষয়ে বোর্ডের কোনো দায়িত্ব থাকবে না এবং কোনো আবেদন নিবেদন ও গ্রহণ করা হবে না।<br>ii. কোনো প্রার্থীর যদি কোনো সীট এ্যালটমেন্ট হয় এবং সে সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দিয়ে থাকে তবে সে যে কোনো রাউন্ডের (১ 'ম ও শেষ রাউন্ড ছাড়া) সীট এ্যাকসেপ্ট্যান্স পর্বের মধ্যে উইথড্র করতে পারে। সেক্ষেত্রে কাউন্সেলিং শেষ হবার ৬০ থেকে ৯০ দিনের মধ্যে তার ব্যাঙ্ক এ্যাকাউন্টে সীট এ্যাকসেপ্ট্যান্স ফী-এর পুরো অর্থ ফেরৎ দিয়ে দেওয়া হবে। এক্ষেত্রে প্রার্থীকে বোর্ডের সঙ্গে কোনরুপ যোগাযোগ করার দরকার নেই। অবশ্যই, উইথড্র করার পরে প্রার্থী সম্পূর্ণ কাউন্সেলিং পর্ব থেকে **বহিঃষ্কৃত** হবে।<br>iii. অন্যান্য যারা সীট এ্যাকসেপ্ট্যান্স ফী দিয়েছে কিন্তু ভর্তিও হয়নি উইথড্রও করেনি তাদের ক্ষেত্রেও নিয়ম অনুযায়ী বোর্ডের অনুমোদন সাপেক্ষে ঐ জমা করা ফী আংশিক ফেরৎ যোগ্য। এদের বোর্ডের ওয়েব সাইটে দেওয়া 'রিফান্ড রুল' সংক্রান্ত নোটিশ অনুযায়ী পদক্ষেপ নিতে হবে। |
| 9.0 | **ভর্তির যোগ্যতা:** ইনফরমেশন বুলেটিনের অনুচ্ছেদ ৩ দেখ। |

| | |
|---|---|
| 10.0 | **সংরক্ষণ ও ডোমিসাইল সংক্রান্ত নিয়মাবলী:** ইনফরমেশন বুলেটিন দ্রষ্টব্য। |
| 11.0 | **সীট ম্যাট্রিক্স:** পশ্চিমবঙ্গ সরকারের ডিরেক্টর অফ টেকনিকাল এডুকেশন দপ্তর থেকে প্রাপ্ত বিভিন্ন কলেজে/ বিভাগে/ ক্যাটেগরীতে ভর্তির জন্য উপলব্ধ আসন সংখ্যা বোর্ডের ওয়েব সাইট www.wbjeeb.nic.in -এ দেওয়া আছে। |
| 12.0 | **আইনি ক্ষেত্র:**<br>a) কোন প্রার্থী পরীক্ষা এবং কাউন্সেলিং সংক্রান্ত নিজের বিষয়ে কোন তথ্য জানার জন্য বোর্ডের সঙ্গে ব্যক্তিগত ভাবে যোগাযোগ করতে পারে। বোর্ড প্রার্থীকে সেই তথ্য প্রদান করতে সক্ষম কিন্তু অন্য কোন প্রার্থীর তথ্য কোন প্রার্থীকে জানাতে বোর্ড অক্ষম।<br>b) WBJEE – 2022-এর ই-কাউন্সেলিং সংক্রান্ত সমস্ত বিষয় কলকাতার মধ্যেই সীমাবদ্ধ থাকবে। WBJEE – 2022 -এর মাধ্যমে ভর্তির ক্ষেত্রে কোনো বিষয়ে কোনো বিবাদে বোর্ড অংশীদার হবে না। |